

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ বাস্তবায়ন (VAT: Online) প্রকল্প
কক্ষ নং-৫২৪
জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

টেন্ডার বিজ্ঞপ্তি

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(২০)/২০১৩ -

তারিখঃ ৩০.১২.২০১৩

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ বাস্তবায়ন (VAT: Online) প্রকল্পে আউট সোর্সিং এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা-২০০৮" মোতাবেক সরবরাহকারী/সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নিকট থেকে ০৫ (পাঁচ) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত আবদ্ধ খামে নিম্নবর্ণিত শর্তাবলী অনুযায়ী প্রকৃত সরবরাহকারী/সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের মালিকগণের নিকট হতে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

০১	মন্ত্রণালয়/বিভাগ	:	অর্থ মন্ত্রণালয়/অভ্যন্তরীণ সম্পদ বিভাগ			
০২	অধিদপ্তর/দপ্তর	:	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ বাস্তবায়ন (VAT: Online) প্রকল্প, কক্ষ নং-৫২৪, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।			
০৩	ব্যয়ের উৎস	:	সরকারী অনুমোদিত প্রকল্প বাজেট			
০৪	দরপত্র গ্রহণকারী দপ্তরের নাম	:	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ বাস্তবায়ন (VAT: Online) প্রকল্প, কক্ষ নং-৫২৪, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।			
০৫	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	:	২৩.০১.২০১৪ দুপুর ১২.০০ টা পর্যন্ত			
০৬	দরপত্র খোলার তারিখ ও সময়	:	২৩.০১.২০১৪ দুপুর ১২.৩০ টা			
০৭	কার্যাদেশ প্রদানের সময়কাল	:	১০ (দশ) দিন			
০৮	প্রস্তাবিত কাজের বিবরণ	:	ক্রমঃ	পদের নাম	সংখ্যা	যোগ্যতা
			০১	কম্পিউটার অপারেটর	০২	<ul style="list-style-type: none"> কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় শ্রেণীতে উত্তীর্ণ (বিজ্ঞান বিভাগের প্রার্থীদের ক্ষেত্রে অগ্রাধিকার)। এমএস অফিস ও অন্যান্য এ্যাপ্লিকেশন বিষয়ে স্বীকৃত প্রতিষ্ঠান হতে সনদপত্র এবং কমপক্ষে এক বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা ও ইংরেজী টাইপে প্রতি মিনিটে ন্যূনতম গতি যথাক্রমে ৩০ ও ৪৫ থাকতে হবে। ড্যাটাবেইজ ও নেটওয়ার্কিং বিষয়ে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
			০২	ড্রাইভার	০৪	ন্যূনপক্ষে অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাগত যোগ্যতাসহ বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী এবং ড্রাইভিং-এ ন্যূনপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। বয়স কমপক্ষে ১৮ (আঠার) বছর হতে হবে।
			০৩	এমএলএসএস	০৩	ন্যূনতম এসএসসি পাস (২য় শ্রেণী), বয়স কমপক্ষে ১৮ (আঠার) বছর হতে হবে।
			০৪	নৈশ প্রহরী	০৩	ন্যূনতম এসএসসি পাস, বয়স কমপক্ষে ১৮ (আঠার) বছর হতে হবে।

শর্তাবলী :-

- (১) টেন্ডারের সাথে হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- (২) টেন্ডারের সাথে মূল্য সংযোজন কর নিবন্ধনপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।
- (৩) টেন্ডারের সাথে হালনাগাদ আয়কর সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- (৪) বিল থেকে ১৫% হারে মূল্য সংযোজন কর (মুসক) ও ৫% অগ্রিম আয়কর বাবদ কর্তন করা হবে।
- (৫) আর্থিক যোগ্যতার সনদপত্র দাখিল করতে হবে।
- (৬) প্রার্থীগণকে কোন সিভিল সার্জন কিংবা মেডিকেল কলেজের ন্যূনতম সহযোগী অধ্যাপক কর্তৃক শারীরিক ও মানসিকভাবে সুস্থ হিসেবে প্রত্যয়ন দাখিল করতে হবে।
- (৭) কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ এবং সকল কোটেশন পূর্ণ বা আংশিক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(ব্যারিস্টার জাহাঙ্গীর হোসেন)
 প্রকল্প পরিচালক